# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

## শিক্ষা মন্ত্রণালয়

এইচ.এস.সি. (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষাক্রম

বেসরকারি পর্যায়ে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, পাঠদান ও স্বীকৃতি প্রদান সংক্রান্ত

# নীতিমালা

সুবোধ চন্দ্র ঢালী
উপসচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অশোক কুমার বিশ্বাস
অতিরিক্ত সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# কোর্স পরিচিতি

দেশের অর্থনৈতিক উন্নয়নের সাথে সাথে দক্ষ অফিসকর্মীর চাহিদা বৃদ্ধি পাচেছ। কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক সম্প্রতি পরিচালিত এক জরিপের মাধ্যমে দেখা গেছে, বাংলাদেশে অপেশাগত (নন-প্রফেসনাল) নিয়োগের ক্ষেত্রে দক্ষ অফিসকর্মীর চাকরির চাহিদা শতকরা ৩৯.২ ভাগ। তাছাড়া বোর্ড কর্তৃক পরিচালিত অন্য একটি জরিপে দেখা গেছে এ ধরনের অফিসকর্মী বিদেশে নিয়োগ প্রাপ্তির চাহিদাও যথেষ্ট। দেশে স্নাতক, উচচমাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ে শিক্ষার প্রসার ঘটলেও একদিকে দক্ষ অফিসকর্মীর অভাব প্রকট, অপরদিকে শিক্ষিত বেকারের সংখ্যাও বৃদ্ধি পাচেছ। তাছাড়া প্রচলিত বাণিজ্য ও অনুরূপ শিক্ষা কার্যক্রম দক্ষ অফিসকর্মী সৃষ্টিতে সহায়ক নয়। তাই শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শাঃ ৫/অনুমতি-২৯/৯৪/৫৫৩-শিক্ষা, তারিখঃ ০১/০১/১৯৯৫ এর আলোকে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে দক্ষ অফিসকর্মী সৃষ্টির লক্ষ্যে এইচ.এস.সি. (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষাক্রম প্রবর্তন করা হয়েছে। এ শিক্ষাক্রমে ৫(পাঁচ)টি ক্ষেত্রে স্পেশালাইজেশনের ব্যবস্থা রয়েছে যেমন- ১। কম্পিউটার অপারেশন, ২। সেক্রেটারিয়্যাল সায়েন্স, ৩। হিসাব বিজ্ঞান, ৪। ব্যাংকিং এবং ৫। উদ্যোক্তা উন্নয়ন ও ৬। মানব সম্পদ ব্যবস্থাপনা।

**এইচ.এস.সি. (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষাক্রমের প্রধান উদ্দেশ্য**

- দেশে বিদেশে বিভিন্ন প্রতিষ্ঠানে নিয়োগের লক্ষ্যে দক্ষ অফিসকর্মী সৃষ্টি করা।
- উচ্চতর শিক্ষার পথ উন্মুক্ত রেখে কর্মক্ষেত্রে প্রবেশের সুযোগ সৃষ্টি করা ।
- সামাজিক মর্যাদা ও সমতা অর্জনের পথ সুগম করা।

এইচ.এস.সি. (ব্যবসায় ব্যবস্থাপনা) সনদ প্রাপ্তগণ বিভিন্ন প্রতিষ্ঠানে প্রাথমিক পর্যায়ে কম্পিউটার অপারেটর, অফিস সহকারী, স্টেনোগ্রাফার, ব্যক্তিগত সহকারী, রিসেপশনিস্ট, টেলিফোন/টেলেক্স/ফ্যাক্স অপারেটর, হিসাব সহকারী ইত্যাদি পদে নিয়োগ যোগ্য হবে এবং পরবর্তীতে অভিজ্ঞতা অর্জনের মাধ্যমে ব্যবস্থাপক পদে উন্নীত হওয়ার সুযোগ পাবে। তাছাড়া যদি কেহ স্ব-উদ্যোগে কর্মসংস্থান সৃষ্টি করতে চায় বা ক্ষুদ্র ব্যবসা করতে চায় তার জন্য প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতা অর্জনের ব্যবস্থাও এতে রয়েছে। এইচ.এস.সি. (ব্যবসায় ব্যবস্থাপনা) সনদ প্রাপ্তগণ স্নাতক (কলা), স্নাতক (বাণিজ্য) এবং স্নাতক (ব্যবসায় প্রশাসন) ও স্নাতক (সম্মান)সহ সমপর্যায়ের শিক্ষাক্রমে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে।

সুবোধ চন্দ্র ঢালী
উপসচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অশোক কুমার বিশ্বাস
অতিরিক্ত সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**এইচ.এস.সি. (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষাক্রম পরিচালনার লক্ষ্যে প্রতিষ্ঠান স্থাপন ও পাঠদানের অনুমতির জন্য অ্যাফিলিয়েশন, শাখা সংযোজন, আসন বৃদ্ধি, স্বীকৃতি প্রদান, নবায়ন ও বাতিল/প্রত্যাহার সংক্রান্ত নীতিমালা :**

১.০ **প্রস্তাবনা :**

বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি প্রদান ও নবায়ন প্রবিধানমালা, ১৯৯৬ (এস, আর, ও নং ৫২-আইন/৯৬) অনুসারে এবং Technical Education Act, 1967 (E. P. Act No. 1 of 1967) এর Section 40(2) এর Clause (e) এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বেসরকারি উদ্যোগে এইচ.এস.সি. (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষাক্রম পরিচালনার জন্য প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি, পাঠদানের অনুমতি ও অ্যাফিলিয়েশন, শাখা সংযোজন, আসন বৃদ্ধি, স্বীকৃতি প্রদান, নাম পরিবর্তন, স্থানান্তর, নবায়ন বাতিল/প্রত্যাহার সংক্রান্ত এ নীতিমালা প্রণয়ন করা হলো।

২.০ **শিরোনাম :**

এ নীতিমালা এইচ.এস.সি. (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষাক্রম পরিচালনার লক্ষ্যে প্রতিষ্ঠানের অ্যাফিলিয়েশন ও স্বীকৃতি প্রদানের নীতিমালা, ২০১৭ নামে অভিহিত হবে।

৩.০ **সংজ্ঞা :**

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না হলে এ নীতিমালায় :

৩.১ ''কারিগরি শিক্ষা'' অর্থ Technical Education Act. (E P.Act. No.1 of 1967) এর Section 2 এর Clause (d) তে উল্লিখিত Technical Education;

৩.২ "বোর্ড" অর্থ Technical Education Act. (E P.Act. No.1 of 1967)-এর Section 3 ও এর অধীনে প্রতিষ্ঠিত Bangladesh Technical Education Board;

৩.৩ "প্রতিষ্ঠান" অর্থ বোর্ড কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান;

৩.৪ ''বাছাই কমিটি'' অর্থ কারিগরি শিক্ষা বোর্ড নির্ধারিত সদস্য সমন্বয়ে গঠিত কমিটি, যে কমিটি আবেদনপত্র প্রাথমিকভাবে বাছাই করবেন;

৩.৫ "ফি" অর্থ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক নির্ধারিত ও আদায়যোগ্য অর্থ বুঝাবে ;

৩.৬ ''পরিদর্শন টীম" অর্থ প্রতিষ্ঠানের বিদ্যমান সুযোগ সুবিধা সরেজমিনে পরিদর্শন করার জন্য বোর্ড কর্তৃক গঠিত দল;

৩.৭ ''অ্যাফিলিয়েশন কমিটি" অর্থ কারিগরি শিক্ষা বোর্ড নির্ধারিত সদস্য সমন্বয়ে গঠিত একটি কমিটি, যে কমিটি বাছাইকৃত উপযুক্ত প্রতিষ্ঠানকে এইচ.এস.সি. (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষাক্রম পরিচালনার লক্ষ্যে প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি, পাঠদানের অনুমতি, শাখা সংযোজন, আসন বৃদ্ধি এবং স্বীকৃতি প্রদান করবে;

৩.৮ "প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি" অর্থ এইচ.এস.সি. (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষাক্রম পরিচালনার জন্য অবকাঠামো নির্মাণসহ পাঠদানের সকল শর্ত পূরণের প্রস্তুতি গ্রহণের অনুমতি প্রদান;

৩.৯ "পাঠদানের অনুমতি" অর্থ বোর্ড কর্তৃক আরোপিত শর্তসমূহ পূরণ সাপেক্ষে প্রতিষ্ঠানে নিয়মিত এইচ.এস.সি. (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষাক্রম পরিচালনার অনুমতি প্রদান;



সুবোধ চন্দ্র ঢালী
উপসচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অশোক কুমার বিশ্বাস
অতিরিক্ত সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৩.১০ "স্বীকৃতি" অর্থ বোর্ড কর্তৃক এইচ.এস.সি. (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষাক্রম পরিচালনার জন্য পাঠদানের অনুমতি প্রাপ্ত প্রতিষ্ঠানকে চূড়ান্ত অনুমোদন প্রদান;

৩.১১ ''প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি বাতিল/প্রত্যাহার'' অর্থ এইচ.এস.সি. (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষাক্রম পরিচালনার লক্ষ্যে প্রতিষ্ঠান স্থাপনে বোর্ড প্রদত্ত অনুমতি রহিত করা;

৩.১২ 'পাঠদানের অনুমতি বাতিল/প্রত্যাহার'' অর্থ এইচ.এস.সি. (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষাক্রম পরিচালনার লক্ষ্যে পাঠদানে বোর্ড প্রদত্ত অনুমতি রহিত করা;

৩.১৩ ''স্বীকৃতি বাতিল/প্রত্যাহার'' অর্থ এইচ.এস.সি. (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষাক্রম পরিচালনাকারী প্রতিষ্ঠানের স্বীকৃতি বোর্ড প্রদত্ত অনুমতি রহিত করা ;

৩.১৪ 'স্ব-অর্থায়নে পরিচালিত প্রতিষ্ঠান' অর্থ উদ্যোক্তা/ সংস্থা/ফাউন্ডেশন-এর অর্থে প্রতিষ্ঠিত ও পরিচালিত বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান;

৩.১৫ 'শিক্ষার্থী' অর্থ সহশিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র ও ছাত্রী, বালক প্রতিষ্ঠানের ছাত্র এবং বালিকা/মহিলা প্রতিষ্ঠানের ছাত্রী বুঝাবে:

৪.০ এইচ.এস.সি. (ব্যবসায় ব্যবস্থাপনা) **শিক্ষাক্রম পরিচালনার জন্য প্রতিষ্ঠান অনুমোদনের নীতিমালা :**

৪.১ **প্রতিষ্ঠানের ধরন :**

ক) স্বতন্ত্র প্রতিষ্ঠান : কেবল এইচ.এস.সি. (ব্যবসায় ব্যবস্থাপনা) পরিচালনাকারী প্রতিষ্ঠান।

খ) সংযুক্ত প্রতিষ্ঠান : দেশের জাতীয় বিশ্ববিদ্যালয় ও সাধারণ শিক্ষা বোর্ড অনুমোদিত কলেজে এবং মাদ্রাসা শিক্ষা বোর্ড অনুমোদিত আলিম বা তদুর্ধ্ব পর্যায়ের মাদ্রাসা (যেখানে ব্যবসায় শিক্ষা গ্রুপসহ একাদশ ও দ্বাদশ শ্রেণির কার্যক্রম পরিচালনার অনুমতি আছে)-এ এইচ.এস.সি. (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষাক্রম পরিচালনাকারী প্রতিষ্ঠান।

এছাড়া বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত স্বতন্ত্রভাবে প্রতিষ্ঠিত কলেজ অথবা স্বতন্ত্রভাবে প্রতিষ্ঠিত এস.এস.সি. (ভোকেশনাল) শিক্ষাক্রম এবং ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানে এইচ.এস.সি. (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষাক্রম পরিচালনাকারী প্রতিষ্ঠান।

৪.২ **প্রতিষ্ঠানের নামকরণ :**

দেশের জাতীয় বিশ্ববিদ্যালয় ও সাধারণ শিক্ষা বোর্ড অনুমোদিত কলেজ এবং মাদ্‌রাসা শিক্ষা বোর্ড অনুমোদিত আলিম বা তদুর্ধ্ব পর্যায়ের মাদ্রাসায় এইচ.এস.সি. (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষাক্রম সংযোজন করা হলে প্রতিষ্ঠানটির অনুমোদিত নাম বহাল থাকবে। এক্ষেত্রে নামকরণের জন্য অন্য কোন শর্ত প্রযোজ্য হবে না।

স্বতন্ত্রভাবে প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে নামের শেষে **'বিজনেস ম্যানেজমেন্ট ইনস্টিটিউট'** থাকতে হবে/বোর্ড কর্তৃক গ্রহণযোগ্য নাম থাকতে হবে।

৪.২.১ বেসরকারি প্রতিষ্ঠানের নামকরণের ক্ষেত্রে নামের সাথে অবশ্যই ব্রাকেটবিহীন **'বেসরকারি'** শব্দটি লিখতে হবে।

৪.২.২ একই জেলায় একই নামে একাধিক প্রতিষ্ঠানের নামকরণ করা যাবে না।

৪.২.৩ জাতীয় নেতৃবৃন্দের নামে প্রতিষ্ঠানের নামকরণের ক্ষেত্রে সরকারের নির্দেশনা অনুসরণ করতে হবে।

৪.২.৪ নামকরণের ক্ষেত্রে শব্দ বা শব্দসমূহের সংক্ষিপ্তরূপ ব্যবহার করা যাবে না। তবে সরকার কর্তৃক নিবন্ধিত সংস্থার ক্ষেত্রে এ নিয়ম প্রযোজ্য হবে না।

৪.২.৫ প্রতিষ্ঠানের বাংলা নামের পাশাপাশি একইসাথে ইংরেজি নাম অনুমোদন করতে হবে।

৪.৩ **ব্যক্তির নামে নামকরণ :**

ব্যক্তির নামে প্রতিষ্ঠানের নামকরণের ক্ষেত্রে ১০ (দশ) লক্ষ টাকা স্থায়ী আমানতে বিনিয়োগ করতে হবে। বিনিয়োগকৃত আমানতের লভ্যাংশ প্রতিষ্ঠানের উন্নয়ন কাজে ব্যয় করতে হবে। দানকৃত জমির মূল্য দেখিয়ে বা উন্নয়ন কাজের ভাউচারের মাধ্যমে ব্যয় দেখিয়ে ব্যক্তি নামে নামকরণ করা যাবে না।



সুবোধ চন্দ্র ঢালী
উপসচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অশোক কুমার বিশ্বাস
অতিরিক্ত সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৪.৪ **আবেদনকৃত প্রতিষ্ঠান হতে একই ধরনের প্রতিষ্ঠানের ন্যূনতম দূরত্ব :**

মেট্রোপলিটন, পৌর ও শিল্প এলাকার জন্য এইচ.এস.সি. (ব্যবসায় ব্যবস্থাপনা) প্রতিষ্ঠান থেকে আবেদনকৃত প্রতিষ্ঠানের ন্যূনতম দূরত্ব সাধারণভাবে ১ (এক) কিলোমিটার এবং অন্যান্য এলাকার জন্য ৩ (তিন) কিলোমিটার হতে হবে। এ ব্যাপারে পরবর্তিতে সরকারি কোন আদেশ জারি হলে তা প্রযোজ্য হবে। আবেদনের সাথে জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার/সড়ক ও জনপথ বিভাগ/স্থানীয় সরকার প্রকৌশল বিভাগের নির্বাহী প্রকৌশলী কর্তৃক প্রদত্ত দূরত্ব সনদ দাখিল করতে হবে।

৪.৫ **প্রতিষ্ঠান এলাকার ন্যূনতম জনসংখ্যা :**

প্রতিষ্ঠান এলাকার ন্যূনতম জনসংখ্যা ৭৫ (পঁচাত্তর) হাজার হতে হবে। আবেদনের সাথে সংশ্লিষ্ট উপজেলা পরিসংখ্যান অফিসার কর্তৃক প্রদত্ত ন্যূনতম জনসংখ্যার সনদ এবং এলাকার আর্থ-সামাজিক অবস্থার সংক্ষিপ্ত বিবরণ দাখিল করতে হবে।

**প্রতিষ্ঠানের নিজস্ব জমির পরিমাণ :**

**(ক)** প্রতিষ্ঠানের নামে মেট্রোপলিটন/সিটি কর্পোরেশন/পৌর এলাকায় ন্যূনতম অখণ্ড ২০ (বিশ) শতাংশ এবং অন্যান্য এলাকায় ন্যূনতম অখণ্ড ৫০ (পঞ্চাশ) শতাংশ জমি সাবকবলা রেজিস্ট্রি ও

৪.৬ নামজারি করতে হবে। প্রতিষ্ঠানের নামে সাবকবলা রেজিস্ট্রিকৃত জমির উপর পরিশিষ্ট-১ এ উল্লিখিত প্রশাসনিক,আনুসাঙ্গিক ও স্পেশালাইজেশনের জন্য প্রযোজ্য আয়তনের ভবন (পাকা/সেমিপাকা) তৈরি করতে হবে। পরবর্তী পর্যায়ে এ জমি ও ভবন অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না। ট্রাস্ট/সংস্থা পরিচালিত প্রতিষ্ঠানের ক্ষেত্রেও জমি ও ভবন প্রতিষ্ঠানের নামে সাবকবলা রেজিস্ট্রি ও নামজারি করে দিতে হবে।

**(খ) প্রতিষ্ঠান স্থাপনের সময়সীমা সর্বোচ্চ ২ (দুই) বছর।**

৪.৭ **ভৌত অবকাঠামো :**

৪.৭.১ **দুটি স্পেশালাইজেশনের জন্য :**

| | | |
|---|---|---|
| শ্রেণি কক্ষ | ২ টি | ন্যূনতম পক্ষে ৪০ বর্গমিটারের |
| শ্রেণি কক্ষ | ২ টি | ন্যূনতম পক্ষে ২০ বর্গমিটারের |
| কম্পিউটার ল্যাব | ১ টি | ন্যূনতম পক্ষে ২০ বর্গমিটারের |
| অধ্যক্ষের কক্ষ | ১ টি | |
| শিক্ষকবৃন্দের কক্ষ | ১ টি | |
| অফিস কক্ষ | ১ টি | |
| লাইব্রেরি | ১ টি | |

ছেলে-মেয়েদের জন্য পৃথক টয়লেট থাকতে হবে।

৪.৭.২ অতিরিক্ত স্পেশালাইজেশনের জন্য আনুপাতিকহারে শ্রেণিকক্ষ ও ওয়ার্কশপ/ল্যাব এর সংখ্যা বাড়াতে হবে। ওয়ার্কশপ/ল্যাবরেটরির দেয়াল ও মেঝে অবশ্যই পাকা হতে হবে।

৪.৭.৩ প্রতিষ্ঠানে কম্পিউটার স্পেশালাইজেশনসহ তিন বা ততোধিক স্পেশালাইজেশন অনুমোদন থাকলে দুটি কম্পিউটার ল্যাব থাকতে হবে।

৪.৭.৪ **সংযুক্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে পূরণীয় শর্তঃ**

শ্রেণিকক্ষ (সাধারণ বিষয়) ২টি ৮০০ বর্গফুট ও ওয়ার্কশপ/ল্যাব ২টি ১,২০০ বর্গফুট। (২টি ট্রেডের জন্য) এবং কম্পিউটার ল্যাব ১টি ৪০০ বর্গফুট থাকতে হবে।

৪.৭.৫ **লাইব্রেরিঃ**

প্রতিষ্ঠানের লাইব্রেরিতে কোর্স সংশ্লিষ্ট সকল বিষয়ের বিষয় ভিত্তিক বিদ্যমান আসনের ন্যূনতম ৩০% ছাত্রছাত্রীর জন্য পাঠ্যপুস্তক থাকতে হবে। এছাড়াও পাঠসহায়ক অন্যান্য বই ও সুবিধাদি থাকতে হবে।



সুবোধ চন্দ্র ঢালী
উপসচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অশোক কুমার বিশ্বাস
অতিরিক্ত সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৪.৮ **যন্ত্রপাতি :**

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড প্রণীত স্পেশালাইজেশনভিত্তিক যন্ত্রপাতির তালিকা অনুযায়ী যন্ত্রপাতি থাকতে হবে। পাঠদানের অনুমতি/স্বীকৃতির জন্য আবেদনপত্রের সাথে যন্ত্রপাতির তালিকা সংযুক্ত করতে হবে।

৪.৯ **বিদ্যুৎ সুবিধা :**

প্রতিষ্ঠানের নামে বৈধ বিদ্যুৎ সংযোগ অবশ্যই থাকতে হবে। আবেদনের সাথে বিদ্যুৎ সংযোগের প্রমাণপত্র ও প্রতিষ্ঠানের নামে হালনাগাদ বিদ্যুৎ বিল দাখিল করতে হবে।

৪.১০ **আসবাবপত্র ও শিক্ষা উপকরণ : পরিশিষ্ট -১।**

৪.১১ **ব্যবস্থাপনা কমিটি :**

বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি প্রবিধানমালা, ২০০৯ (এস আর ও নং ২৬৭-আইন/২০০৯) অনুযায়ী স্বীকৃতি/অনুমতি প্রাপ্তির ৩ (তিন) মাসের মধ্যে ব্যবস্থাপনা কমিটি গঠন করে বোর্ডের অনুমোদন গ্রহণ করতে হবে।

৪.১২ **শিক্ষক-কর্মচারী :**

শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত জনবল কাঠামো অনুযায়ী বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের (শিক্ষক-কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ১৯৯৬ (এসআরও নং-৫৪-আইন/৯৬) মোতাবেক যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন শিক্ষক-কর্মচারী নিয়োগ করতে হবে। শিক্ষক/কর্মচারী বাছাই কমিটি বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড গঠন করবে (এসআরও নং-৫৪-ধারা-৪, আইন-৯৬)। সময় সময় সরকার কর্তৃক জারীকৃত আদেশাবলি প্রযোজ্য হবে। প্রতিষ্ঠানটি এমপিওভূক্ত না হলেও একাডেমিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে জনবল কাঠামো অনুসারে যোগ্য শিক্ষক-কর্মচারী নিয়োগ করতে হবে এবং প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে বেতন-ভাতাদি প্রদান করতে হবে।

৪.১৩ এ নীতিমালার আওতায় প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি ব্যতিরেকে কোন প্রতিষ্ঠান স্থাপন কিংবা চালু করা যাবে না। প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি ব্যতিরেকে কোন প্রতিষ্ঠান স্থাপন কিংবা চালু করা হলে সেসব প্রতিষ্ঠানকে কোন অবস্থায় বোর্ড কর্তৃক স্থাপন/পাঠদানের অনুমতি প্রদান করা হবে না।

৪.১৪ **লাইব্রেরি : পরিশিষ্ট -২।**

৪.১৫ **প্রতিষ্ঠানের তহবিল :**

**৪.১৫.১ সাধারণ তহবিল :**

প্রতিষ্ঠানের নামে চলতি আমানত হিসেবে ৩ (তিন) লক্ষ টাকা জমা থাকতে হবে। আবেদনপত্রের সাথে হাল নাগাদ ব্যাংকের প্রত্যয়নপত্র জমা দিতে হবে।

**৪.১৫.২ সংরক্ষিত তহবিল :**

প্রতিষ্ঠানের নামে সংরক্ষিত তহবিলে ন্যূনতম ৩ (তিন) লক্ষ টাকা স্থায়ী আমানতে বিনিয়োগ করতে হবে। এছাড়া ব্যক্তির নামে প্রতিষ্ঠানের নামকরণের ক্ষেত্রে ৪.৩ ধারায় উল্লিখিত ১০ (দশ) লক্ষ টাকা স্থায়ী আমানতে বিনিয়োগ করতে হবে। অর্থাৎ ব্যক্তির নামে প্রতিষ্ঠানের নামকরণের ক্ষেত্রে মোট ১৩ (তের) লক্ষ টাকা স্থায়ী আমানতে বিনিয়োগ করতে হবে। বিনিয়োগকৃত আমানতের লভ্যাংশ প্রতিষ্ঠানের উন্নয়ন কাজে ব্যয় করতে হবে। দানকৃত জমির মূল্য দেখিয়ে বা উন্নয়ন কাজের ভাউচারের মাধ্যমে ব্যয় দেখিয়ে ব্যক্তি নামে নামকরণ করা যাবে না। আবেদনপত্রের সাথে টাকা জমা থাকার ডকুমেন্ট (এফডিআর) হিসেবে হাল নাগাদ ব্যাংকের প্রত্যয়নপত্র জমা দিতে হবে। সংস্থা পরিচালিত প্রতিষ্ঠান অথবা বিদ্যমান কোন প্রতিষ্ঠানের সাথে শাখা সংযোজনের ক্ষেত্রে সংস্থার/বিদ্যমান প্রতিষ্ঠানের বাৎসরিক অডিট রিপোর্ট আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে। সংরক্ষিত তহবিলের টাকা কোন অবস্থাতেই বোর্ডের অনুমোদন ছাড়া উত্তোলন করা যাবে না।



সুবোধ চন্দ্র ঢালী
উপসচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অশোক কুমার বিশ্বাস
অতিরিক্ত সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## ৫.০ প্রতিষ্ঠান স্থাপনের অনুমোদনের জন্য আবেদন করার পদ্ধতি :

**৫.১ প্রতিষ্ঠান স্থাপনের জন্য আবেদন পদ্ধতি :**

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ওয়েবসাইট হতে আবেদনপত্র ও নীতিমালা ডাউন লোড করে চেয়ারম্যান বরাবর প্রয়োজনীয় কাগজপত্রসহ জমা দিতে হবে। আবেদনপত্র ফি বাবদ ৫০০ (পাঁচ শত) টাকা সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অনুকূলে জমা দিতে হবে।

**৫.১.১ অনুমতির জন্য শর্তসমূহ:**

৫.১.১.১ প্রস্তাবিত প্রতিষ্ঠানের জন্য উদ্যোগী সংস্থা/উদ্যোক্তাদের একটি পরিচালনা কমিটি থাকতে হবে;

৫.১.১.২ প্রতিষ্ঠান স্থাপনের জন্য প্রতিষ্ঠানের নামে/পরিচালনা কমিটির সদস্যের নামে প্রয়োজনীয় পরিমাণ জমি থাকতে হবে। প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি প্রাপ্তির পর অবশ্যই পাঠদানের আবেদনের পূর্বে জমি প্রতিষ্ঠানের নামে রেজিস্ট্রেশনসহ নামজারি করতে হবে।

৫.১.১.৩ শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের লক্ষ্যে প্রয়োজনীয় পরিমাণ অর্থ প্রতিষ্ঠানের নামে/পরিচালনা কমিটির সদস্যের নামে থাকতে হবে।

৫.১.১.৪ শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন উপযোগী লে-আউট প্ল্যান থাকতে হবে। উন্নত যোগাযোগ ব্যবস্থা এবং বিদ্যুৎ সুবিধা থাকতে হবে।

**৫.২ অনুমতি প্রাপ্তির জন্য প্রাথমিকভাবে উপযুক্ত প্রতিষ্ঠান বাছাই :**

বোর্ড নির্ধারিত বাছাই কমিটি কর্তৃক জমাকৃত আবেদনপত্রসহ প্রয়োজনীয় নথিপত্র শিক্ষাক্রম অনুমোদন নীতিমালা অনুসারে যাচাই-বাছাইপূর্বক ৫.১.১ এর শর্তসমূহ বিবেচনায় প্রাথমিকভাবে যোগ্য প্রতিষ্ঠান বাছাই করা হবে। প্রতিষ্ঠানের প্রাক-যোগ্যতা যাচাইকালে নিম্নে বর্ণিত বিষয়সমূহ বিবেচনায় আনতে হবে:

৫.২.১ প্রস্তাবিত প্রতিষ্ঠান যাতে জেলা/উপজেলা/ইউনিয়নে সুষম বন্টন হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে।

৫.২.২ প্রস্তাবিত প্রতিষ্ঠানের জমি/অবকাঠামো, যন্ত্রপাতি ইত্যাদি বিদ্যমান থাকলে অগ্রাধিকার পাবে।

৫.২.৩ আবেদনকৃত প্রতিষ্ঠানসমূহের বিদ্যমান সুযোগ-সুবিধা অনুসারে মূল্যায়ন করতে হবে।

**৫.৩ অ্যাফিলিয়েশন কমিটির মাধ্যমে উপযুক্ত প্রতিষ্ঠান নির্বাচন:**

প্রাথমিকভাবে বাছাইকৃত উপযুক্ত প্রতিষ্ঠানসমূহ বোর্ডের অ্যাফিলিয়েশন কমিটির সভায় উপস্থাপন করা হবে। অ্যাফিলিয়েশন কমিটির সুপারিশ অনুসারে উপযুক্ত প্রতিষ্ঠান নির্বাচন করা হবে।

**৫.৪ পরিদর্শন ফি প্রদান :**

বাছাই কমিটি এবং অ্যাফিলিয়েশন কমিটি কর্তৃক যাচাই-বাছাইকৃত উপযুক্ত প্রতিষ্ঠানকে বোর্ড নির্ধারিত হারে পরিদর্শন ফি প্রদানের জন্য অবহিত করা হবে। নির্ধারিত ফি পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের মাধ্যমে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা এর অনুকূলে জমা দিতে হবে।

**৫.৫ পরিদর্শন টিম নির্বাচন এবং পরিদর্শনে প্রেরণ :**

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে বাছাইকৃত ও পরিদর্শন ফি প্রদানকারী উপযুক্ত প্রতিষ্ঠান পরিদর্শনের নিমিত্ত পরিদর্শন টিম গঠনপূর্বক পরিদর্শনে প্রেরণ করা হবে। পরিদর্শন টিম সরেজমিনে প্রতিষ্ঠান পরিদর্শন করে বোর্ডের নীতিমালা অনুসারে প্রতিষ্ঠানের বর্তমান অবস্থা সম্পর্কে মতামত, প্রতিষ্ঠান হতে সরবরাহকৃত প্রয়োজনীয় নথিপত্রের যথার্থতা নিরূপণ করে সুনির্দিষ্ট সুপারিশসহ প্রতিবেদন বোর্ডে দাখিল করবেন।



সুবোধ চন্দ্র ঢালী
উপসচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অশোক কুমার বিশ্বাস
অতিরিক্ত সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## ৬.০ এইচ.এস.সি. (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষাক্রম পরিচালনার জন্য প্রতিষ্ঠান অনুমোদন :

৬.১ **প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি প্রদান :**

বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্বীকৃতি প্রদান ও নবায়ন প্রবিধানমালা, ১৯৯৬ (এস, আর, ও নং - ৫২-আইন/৯৬) অনুসারে এবং বোর্ড প্রণীত নীতিমালার শর্তাবলী পূরণপূর্বক পরিদর্শন প্রতিবেদন মূল্যায়ন করে উপযুক্ত প্রতিষ্ঠানকে অ্যাফিলিয়েশন কমিটির সুপারিশের প্রেক্ষিতে প্রযোজ্য শর্তারোপসহ অনুর্ধ্ব ০২ (দুই) বছরের মধ্যে প্রতিষ্ঠান স্থাপনের জন্য অনুমতি প্রদান করা হবে। জমি প্রতিষ্ঠানের নামে না থাকলে **প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি প্রদানের পূর্বে 'প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি প্রাপ্তির পর প্রতিষ্ঠানের নামে জমি রেজিষ্ট্রি ও নামজারি করে দেয়া হবে' মর্মে অঙ্গীকারনামা প্রদান করতে হবে।**

প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি প্রাপ্তির পর নির্ধারিত সময়ের মধ্যে প্রস্তাবিত প্রতিষ্ঠানকে শিক্ষাক্রম পরিচালনা উপযোগী করার লক্ষ্যে প্রতিষ্ঠানের নামে জমি রেজিষ্ট্রেশনসহ নামজারী, অবকাঠামো, যন্ত্রপাতি এবং নীতিমালা অনুসারে অন্যান্য সুযোগ-সুবিধা নিশ্চিতকরণপূর্বক বোর্ডকে অবহিত করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে শিক্ষাক্রম পরিচালনা উপযোগী প্রতিষ্ঠান স্থাপনে বা অনুমতি প্রাপ্তির শর্তপূরণে ব্যর্থ হলে প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে। প্রতিষ্ঠান স্থাপন/পাঠদানের অনুমতি প্রদান বোর্ডের অ্যাফিলিয়েশন কমিটির সুপারিশের মাধ্যমে প্রদান করা হবে।

৬.১.১ কোন প্রতিষ্ঠান স্থাপন/পাঠদানের অনুমতি প্রদানের ক্ষেত্রে যে কোন শর্ত শিথিল করার ক্ষমতা সরকার সংরক্ষণ করে।

৬.২ **পাঠদানের অনুমতি প্রদান :**

**স্থাপনের** অনুমতিপ্রাপ্ত প্রতিষ্ঠান হতে পাঠদানের অনুমতির আবেদনের প্রেক্ষিতে বোর্ড বাস্তব অবস্থা সরেজমিনে পরিদর্শনের ব্যবস্থা করবে। পরিদর্শন টিম সরেজমিনে প্রতিষ্ঠান পরিদর্শন করে বোর্ডের নীতিমালা অনুসারে প্রতিষ্ঠানের বর্তমান অবস্থা সম্পর্কে মতামত, প্রতিষ্ঠান হতে সরবরাহকৃত প্রয়োজনীয় নথিপত্রের যথার্থতা নিরূপণ করে সুনির্দিষ্ট সুপারিশসহ প্রতিবেদন বোর্ডে দাখিল করবে। বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্বীকৃতি প্রদান ও নবায়ন প্রবিধানমালা, ১৯৯৬ (এস,আর,ও নং-৫২-আইন/৯৬) অনুসারে এবং বোর্ড প্রণীত নীতিমালার শর্তাবলী পূরণসাপেক্ষে পরিদর্শন প্রতিবেদন মূল্যায়ন করে অ্যাফিলিয়েশন কমিটি উপযুক্ত প্রতিষ্ঠান নির্বাচন এবং সাময়িকভাবে পাঠদানের অনুমতি প্রদানের সুপারিশ করবে। অ্যাফিলিয়েশন কমিটির সুপারিশের প্রেক্ষিতে চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট শাখা আবেদনাধীন প্রতিষ্ঠানকে প্রযোজ্য শর্তারোপসহ সাময়িকভাবে ১ (এক) বছরের জন্য এইচ.এস.সি. (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষাক্রমের পাঠদানের অনুমতি প্রদান করবে।

৬.৩ **পাঠদানের অনুমতির মেয়াদ বৃদ্ধি :**

বোর্ড নির্ধারিত মেয়াদ সমাপ্ত হলে পাঠদানের অনুমতিপ্রাপ্ত প্রতিষ্ঠানকে প্রতিবছর অনুমতির মেয়াদ বৃদ্ধির জন্য বোর্ড নির্ধারিত হারে ফি প্রদান করে র্নিধারিত আবেদনপত্র মোতাবেক আবেদন করতে হবে। আবেদনের প্রেক্ষিতে প্রতিষ্ঠানের বিদ্যমান ছাত্রছাত্রী, ফলাফল, অবকাঠামো, শিক্ষক-কর্মচারী নিয়োগ, ব্যবস্থাপনা কমিটি, আসবাবপত্র, যন্ত্রপাতি, পাঠদানের অনুমতি প্রদানকালে আরোপিত এবং অন্যান্য প্রযোজ্য শর্তাবলী পূরণ সাপেক্ষে পাঠদানের অনুমতির মেয়াদ পরবর্তী ১ (এক) বছরের জন্য বৃদ্ধি করা যাবে। পাঠদানের অনুমতির মেয়াদ ধারাবাহিকভাবে ৪ (চার) বছর পর্যন্ত বৃদ্ধি করা যাবে। উল্লিখিত সময়ের মধ্যে প্রযোজ্য কোন শর্ত পূরণে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পাঠদানের অনুমতির মেয়াদ বৃদ্ধি করা হবে না। এক্ষেত্রে বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৬.৪ **পাঠদানের অনুমতি বাতিল/প্রত্যাহার :**

বোর্ড নির্ধারিত সময়ের মধ্যে প্রতিষ্ঠানের ফলাফল, অবকাঠামো, শিক্ষক-কর্মচারী নিয়োগ, ব্যবস্থাপনা কমিটি, আসবাবপত্র, যন্ত্রপাতি, পাঠদানের অনুমতি প্রদানকালে আরোপিত এবং অন্যান্য প্রযোজ্য শর্তাবলী পূরণে ব্যর্থ হলে প্রতিষ্ঠানের পাঠদানের অনুমতি বাতিল করা হবে।

৬.৫ **স্বীকৃতি :**

চূড়ান্ত স্বীকৃতি প্রাপ্তির ক্ষেত্রে পাঠদানের অনুমতি প্রাপ্ত প্রতিষ্ঠানকে ন্যূনতম একটি চূড়ান্ত পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে। চূড়ান্ত পরীক্ষায় বিদ্যমান আসনের ৭৫% পরীক্ষার্থী অংশ গ্রহণ করে ৫০% উত্তীর্ণ হলে স্বীকৃতির জন্য নির্ধারিত আবেদনপত্রে প্রয়োজনীয় নথিপত্রসহ আবেদন করতে হবে। প্রতিষ্ঠানের বিদ্যমান ছাত্রছাত্রী,



সুবোধ চন্দ্র ঢালী
উপসচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অশোক কুমার বিশ্বাস
অতিরিক্ত সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ফলাফল, অবকাঠামো, শিক্ষক-কর্মচারী নিয়োগ, ব্যবস্থাপনা কমিটি, আসবাবপত্র, যন্ত্রপাতি, পাঠদানের অনুমতি প্রদানকালে আরোপিত এবং অন্যান্য প্রযোজ্য শর্তাবলী যাচাই করে স্বীকৃতি প্রদান করা হবে। প্রযোজ্য কোন শর্ত পূরণে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে স্বীকৃতি প্রদান করা হবে না। এক্ষেত্রে বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৬.৬ **শাখা/ স্পেশালাইজেশন সংযোজনের জন্য আবেদন :**

প্রতিষ্ঠানের বিদ্যমান আসনের ৭৫% পরীক্ষার্থী সেমিস্টার ফাইনাল পরীক্ষায় অংশ গ্রহণ করে ৫০% উত্তীর্ণ হলে শাখা/স্পেশালাইজেশন সংযোজনের নিমিত্ত আবেদনের জন্য প্রাথমিকভাবে যোগ্য বিবেচিত হবে। পরবর্তী কার্যক্রম পাঠদান অনুমোদনের অনুরূপ পদ্ধতি অনুসরণ করা হবে। প্রতিষ্ঠানের দুরত্ব ও জনসংখ্যা নতুন প্রতিষ্ঠান স্থাপনের শর্তের অনুরূপ হবে।

৬.৬.১ **নতুনভাবে ভাড়া বাড়িতে পরিচালিত প্রতিষ্ঠানে কোন শাখা/স্পেশলাইজেশন সংযোজন/আসন সংখ্যা বৃদ্ধির অনুমোদন দেয়া যাবে না। ভাড়া বাড়িতে পরিচালিত প্রতিষ্ঠানকে নিজস্ব জায়গায় স্থানান্তরের জন্য নিদিষ্ট সময় দিয়ে পত্র প্রেরণ করতে হবে। নিদিষ্ট সময় পরে এ সমস্ত প্রতিষ্ঠানের একাডেমিক কার্যক্রম স্থগিত করা হবে।**

৬.৭ **আসন সংখ্যা বৃদ্ধি : আসন সংখ্যা** বৃদ্ধির জন্য শিক্ষার্থীদের **ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।** আবেদনকৃত স্পেশালাইজেশনের বিদ্যমান আসনের ৭৫% পরীক্ষার্থী পরীক্ষায় অংশ গ্রহণ করে ৫০% উত্তীর্ণ হলে **আসন সংখ্যা** বৃদ্ধির নিমিত্ত আবেদনের জন্য প্রাথমিকভাবে যোগ্য বিবেচিত হবে। আসন সংখ্যা বৃদ্ধি বোর্ডের অ্যাফিলিয়েশন কমিটির সুপারিশের প্রেক্ষিতে অনুমোদন করা হবে।

## ৭.০ বোর্ড সভার অনুমোদন :

কোন প্রতিষ্ঠান পাঠদানের অনুমতি প্রদানের পর বোর্ড সভার অনুমোদনের জন্য বোর্ড সভায় উপস্থাপন করা হবে। বোর্ড সভার অনুমোদন সাপেক্ষে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বোর্ড অনুমোদিত বলে বিবেচিত হবে।

## ৮.০ আসন সংখ্যা :

প্রতি টেকনোলজিতে আসন সংখ্যা (ড্রপআউটসহ) ৪০ (চল্লিশ) জন।

## ৯.০ অ্যাফিলিয়েশন ফি:

পাঠদানের অনুমতি/স্বীকৃতি প্রাপ্তির পর বোর্ড কর্তৃক নির্ধারিত হারে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বরাবরে অ্যাফিলিয়েশন ফি জমা দিতে হবে।

## ১০.০ স্বীকৃতি নবায়ন :

স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠানের উল্লিখিত মেয়াদান্তে স্বীকৃতি নবায়ন করার জন্য বোর্ড নির্ধারিত হারে ফি প্রদান সাপেক্ষে বোর্ড কর্তৃক নির্ধারিত আবেদনপত্র মোতাবেক আবেদন করতে হবে। আবেদনের সাথে সকল আনুষ্ঠানিকতা পূরণের প্রামাণ্য কাগজপত্র সংযুক্ত করতে হবে। সকল শর্তপূরণ থাকলে স্বীকৃতি নবায়ন করা হবে। প্রতিষ্ঠানের প্রয়োজনীয় কোন শর্তপূরণ না হলে স্বীকৃতি নবায়ন করা হবে না। এরূপ ক্ষেত্রে উপযুক্ত কারণ দেখিয়ে স্বীকৃতি নবায়নের জন্য পুনরায় আবেদন করা যাবে।

## ১১.০ স্থান পরিবর্তন :

প্রতিষ্ঠানের স্থান পরিবর্তনের জন্য ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে বোর্ডে র্নিধারিত ফি প্রদান সাপেক্ষে উপযুক্ত কারণ প্রদর্শনপূর্বক প্রতিষ্ঠান প্রধানকে সভাপতির প্রতিস্বাক্ষরযুক্ত সভার কার্যবিবরণীসহ আবেদন করতে হবে। বোর্ডের পরিদর্শন ও অন্যান্য প্রযোজ্য শর্তাবলি ( নতুন প্রতিষ্ঠান স্থাপনের সকল শর্তসমূহ ) পূরণ হলে বোর্ডের অনুমোদনক্রমে স্থান পরিবর্তন করা যাবে। তবে পৌরসভা/শিল্প এলাকা/মেট্রোপলিটন এলাকায় অ্যাফিলিয়েশনপ্রাপ্ত প্রতিষ্ঠানের ঠিকানা গ্রাম এলাকায় স্থানান্তর করা যাবে না এবং গ্রাম এলাকায়



সুবোধ চন্দ্র ঢালী
উপসচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অশোক কুমার বিশ্বাস
অতিরিক্ত সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

এ্যাফিলিয়েশনপ্রাপ্ত প্রতিষ্ঠানের ঠিকানা পৌরসভা/ শিল্প এলাকা/মেট্রোপলিটন এলাকায় স্থানান্তর করা যাবে না। এক জেলায় অ্যাফিলিয়েশনপ্রাপ্ত প্রতিষ্ঠান অন্য জেলায় স্থানান্তর করা যাবে না । **উল্লেখ্য, কোন মহিলা প্রতিষ্ঠানকে সহশিক্ষা প্রতিষ্ঠানে রূপান্তর করা যাবে না।**

১১.১ নদী ভাঙ্গন, প্রাকৃতিক দূর্যোগ অথবা সরকারের ভূমি অধিগ্রহণজনিত কারণে শর্ত শিথিল করা যেতে পারে। সেক্ষত্রেও দূরত্ব ও জনসংখ্যার শর্ত প্রযোজ্য হবে।

**১২.০ নাম পরিবর্তন :**

প্রতিষ্ঠানের নাম পরিবর্তন করতে চাইলে বোর্ডের নিকট উপযুক্ত কারণ প্রদর্শন করে প্রতিষ্ঠান প্রধানকে সভাপতির প্রতিস্বাক্ষরযুক্ত কার্যবিবরণীসহ আবেদন করতে হবে। বোর্ড সঙ্গত মনে করলে নাম পরিবর্তনের অনুমতি প্রদান করবে। এক্ষেত্রে বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। (পরিবর্তিত নামে সংরক্ষিত তহবিল, সাধারণ তহবিল, জমি রেজিস্ট্রি, নামজারি ও হালনাগাদ খাজনা পরিশোধ করতে হবে। জাতীয় ও স্থানীয় ২ (দুই)টি পত্রিকায় নাম পরিবর্তনের বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে।)

**১৩.০ পাঠ্যক্রম :**

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক প্রণীত/পরিমার্জিত পাঠ্যক্রম অনুসরণ করতে হবে।

**১৪.০ ক্লাসরুটিন :**

শিক্ষাবর্ষ শুরুর পূর্বেই বোর্ড প্রণীত প্রবিধান অনুসারে ক্লাসরুটিন প্রণয়ন করে যথাযথভাবে ক্লাস পরিচালনা করতে হবে। রুটিনের এক কপি বোর্ডের কারিকুলাম শাখায় জমা দিতে হবে।

**১৫.০ ব্যবহারিক ক্লাস :**

শিক্ষার্থীকে দক্ষ অফিস কর্মী হিসেবে গড়ে তোলার লক্ষ্যে ব্যবহারিক ক্লাস যথাযথভাবে অনুষ্ঠানের বিষয়টি নিশ্চিত করতে হবে।

**১৬.০ ধারাবাহিক মূল্যায়ন :**

বোর্ড প্রণীত প্রবিধান অনুসারে তাত্ত্বিক ও ব্যবহারিক অংশের ধারাবাহিক মূল্যায়ন যথাযথভাবে সম্পন্ন করতে হবে এবং রেকর্ডসমূহ সংরক্ষণ করতে হবে।

**১৭.০ ব্যবহারিক ক্লাসের দ্রব্যাদি :**

ব্যবহারিক ক্লাস সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে প্রয়োজনীয় দ্রব্যাদি সরবরাহ নিশ্চিত করতে হবে। এ লক্ষ্যে প্রতিষ্ঠানকে ব্যবস্থাপনা কমিটির অনুমোদন সাপেক্ষে বছরের শুরুতে বাজেট প্রণয়ন করতে হবে।

**১৮.০ ল্যাব :**

নীতিমালা অনুসারে প্রয়োজনীয় সংখ্যক যন্ত্রপাতি ল্যাবে সুসজ্জিত করতে হবে, যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ করতে হবে এবং ল্যাব সর্বদা ব্যবহার উপযোগী রাখতে হবে।

**১৯.০ পরীক্ষানুষ্ঠান :**

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত শিক্ষাক্রম বাস্তবায়ন প্রবিধান ও নম্বর বিন্যাস অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠান ও মূল্যায়ন ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**২০.০ শিক্ষা বর্ষপঞ্জি :**

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড নির্ধারিত শিক্ষা বর্ষপঞ্জি অনুসরণ করতে হবে।

**২১.০ সহপাঠ্য কার্যক্রম :**

বার্ষিক ক্রীড়া, খেলাধুলা, সাহিত্য ও সাংস্কৃতিক অনুষ্ঠান, বিতর্ক, বৃক্ষরোপন, রোভারিং / গার্লস ইন রোভার,



সুবোধ চন্দ্র ঢালী
উপসচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অশোক কুমার বিশ্বাস
অতিরিক্ত সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিষ্কার-পরিচ্ছন্নতা, জঙ্গীবাদ বিরোধী কার্যক্রম, মাদক বিরোধী কার্যক্রম, স্কিল্স কম্পিটিশন ,জাতীয় দিবসসমূহ পালন এবং বিভিন্ন সমাজ কল্যাণমূলক কার্যক্রম পরিচালনা করতে হবে।

**২২.০ শিক্ষক-কর্মচারীদের প্রশিক্ষণ :**

অ্যাফিলিয়েশন প্রাপ্ত প্রতিষ্ঠানে যথাযথ শিক্ষণ-শিখন কার্যক্রম পরিচালনার জন্য প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক কর্মচারীদের প্রয়োজনে পেশাগত প্রশিক্ষণ গ্রহণের ব্যবস্থা করতে হবে।

**২৩.০ ছাত্র-ছাত্রীদের পোষাক পরিচ্ছদ :**

প্রতিষ্ঠান কর্তৃপক্ষ শৃঙ্খলা, ঐক্য ও শালীনতা এ তিনটি বিশেষ গুণের সমন্বয় সাধন এবং বাংলাদেশের ঋতু বৈচিত্রের প্রতি লক্ষ্য রেখে গ্রীষ্মকালীন ও শীতকালীন এ দু'ধরনের পোশাক ছাত্রছাত্রীদের জন্য নির্ধারণ করা যাবে।

**২৪.০ সরকার কর্তৃক জারিকৃত নীতিমালা:**

বেসরকারি উদ্যোগে স্থাপিত শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি প্রদানের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশাবলিও এ ক্ষেত্রে প্রযোজ্য হবে।

**২৫.০ পাঠদানের অনুমতি/স্বীকৃতি বাতিল/প্রত্যাহার :**

**২৫.১** প্রতিষ্ঠানের অ্যাফিলিয়েশন প্রদানকালে আরোপিত ও অনুমোদিত নীতিমালার শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে এবং সময় সময় বোর্ড/সরকার কর্তৃক জারিকৃত নির্দেশাবলি পালন করতে ব্যর্থ হলে বোর্ড সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পাঠদানের অনুমতি/স্বীকৃতি বাতিল কিংবা প্রত্যাহার করতে পারবে। এ বিষয়ে বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি প্রদান ও নবায়ন প্রবিধানমালা, ১৯৯৬ (এসআরও নং-৫২-আইন/৯৬) এর বিধান অনুসরণ করা হবে।

**২৫.২** পাঠদানের অনুমতি/স্বীকৃতি প্রাপ্ত কোন প্রতিষ্ঠান বিদ্যমান ছাত্রছাত্রী, ফলাফল, অবকাঠামো, শিক্ষক-কর্মচারী নিয়োগ, ব্যবস্থাপনা কমিটি, আসবাবপত্র, যন্ত্রপাতি এবং অন্যান্য প্রযোজ্য শর্তাবলী পূরণে ব্যর্থ হলে বোর্ড সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পাঠদানের অনুমতি/স্বীকৃতি বাতিল কিংবা প্রত্যাহার করতে পারবে এবং নিম্নোক্ত করণেও বোর্ড প্রতিষ্ঠানের পাঠদানের অনুমতি/স্বীকৃতি বাতিল কিংবা প্রত্যাহার করতে পারবে;

(ক) সরকার/বোর্ড কর্তৃক প্রদত্ত নির্দেশনা ও জারীকৃত বিধান বা নীতি লঙ্ঘন করলে,

(খ) বোর্ডের অনুমতি ব্যতিরেকে প্রতিষ্ঠানের স্বীকৃতিপ্রাপ্ত ঠিকানা পরিবর্তন করলে।

**২৬.০ সরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে সংশ্লিষ্ট ধারাসমূহ প্রযোজ্য হবে।**

**২৭.০ ব্যাখ্যা :**

এ নীতিমালার কোন ধারা/ধারাসমূহের ব্যাখ্যা প্রদানের অধিকার শুধুমাত্র বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক সংরক্ষিত থাকবে।

**২৮.১ সংরক্ষণ :**

কোন কারণ ব্যতিরেকে এইচ.এস.সি. (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষাক্রম পরিচালনার জন্য সাধারণ শিক্ষা বোর্ডের স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠানে শাখা সংযোজন ও স্বীকৃতি প্রদান করা বা না করার ক্ষমতা বোর্ড কর্তৃক সংরক্ষিত থাকবে।

সুবোধ চন্দ্র ঢালী
উপসচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



অশোক কুমার বিশ্বাস
অতিরিক্ত সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২৮.২ আপীল :

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের এ সংক্রান্ত কোন সিদ্ধান্তে সংক্ষুব্ধ কোন আবেদনকারী বা উদ্যোক্তা শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আপীল কমিটির নিকট আপীল করতে পারবেন। আপিল কমিটি সার্বিক পরিস্থিতি বিবেচনায় সিদ্ধান্ত গ্রহন করবে।

২৯.০ অঙ্গীকারনামা প্রদান :

ক) প্রতিষ্ঠান স্থাপনের অনুমতির জন্য আবেদনের সময় উদ্যোক্তাগণকে ৩০০/-(তিনশত) টাকা বা সরকার নির্ধারিত হারে নন-জুডিশিয়াল স্ট্যাম্পের ওপর উল্লিখিত শর্তাবলি পূরণ হয়েছে এবং বোর্ড/সরকার কর্তৃক জারিকৃত বিধানাবলি পালন করা হবে-মর্মে আবেদনের সাথে অঙ্গীকারনামা প্রদান করতে হবে। পরিশিষ্ট-৩(ক)

খ) পাঠদানের আবেদনের সাথে উদ্যোক্তাগণকে ৩০০/-(তিনশত) টাকার বা সরকার নির্ধারিত হারে নন-জুডিশিয়াল স্ট্যাম্পের ওপর নীতিমালা অনুসারে ভৌত অবকাঠামোগত সুবিধাদি নিশ্চিতকরণ, যন্ত্রপাতি ক্রয়, ল্যাবে সংস্থাপন ও রক্ষাণাবেক্ষণ, তাত্ত্বিক ও ব্যবহারিক ক্লাস যথাযথভাবে অনুষ্ঠান নিশ্চিতকরণ, প্রয়োজনীয় ল্যাব ম্যাটেরিয়াল ক্রয় ও সরবরাহ নিশ্চিতকরণ হয়েছে এবং প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক-কর্মচারী নিয়োগ, সংযুক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে কারিগরি অংশের শিক্ষক-কর্মচারী ও অভিভাবকদের অংশ গ্রহণ এবং সকল ক্ষেত্রে সম অধিকার নিশ্চিতকরণ, ধারাবাহিক মূল্যায়নের রেকর্ড সংরক্ষণ, অগ্রগতি কার্ড যথাযথভাবে পূরণ ও সংরক্ষণ, প্রতিষ্ঠান এমপিও ভূক্ত না হলেও জনবল কাঠামো অনুসারে স্ব-অর্থায়নে শিক্ষক-কর্মচারী নিয়োগ প্রদান করা হবে, ইত্যাদি বিষয়ে অঙ্গীকারনামা প্রদান করতে হবে । পরিশিষ্ট-৩(খ)

৩০.০ অ্যাফিলিয়েশন কমিটি :

(ক) প্রতিষ্ঠান স্থাপন/পাঠদান: পরিশিষ্ট-৪ ।

(খ) শাখা/ স্পেশালাইজেশন সংযোজন এবং আসন বৃদ্ধি: পরিশিষ্ট-৫ ।

৩১.০ হেফাজতকরণ : এই নীতিমালা জারীর তারিখ থেকে এ সংক্রান্ত পূর্বের জারীকৃত সকল নীতিমালা ও আদেশ রহিত হবে।

২৬.৫.২০১৭

(মোঃ আলমগীর)
ভারপ্রাপ্ত সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

পরিশিষ্ট-১

আসবাবপত্র ও শিক্ষা উপকরণ

**অফিস কক্ষ( অধ্যক্ষ):**

(০১) ফুল সেক্রেটারিয়াল টেবিল– ০১ টি
(০২) কুশন চেয়ার (আর্মড) – ০৫ টি
(০৩) সোফা – ০১ সেট
(০৪) ফাইল কেবিনেট – ০১ টি
(০৫) ষ্টীল আলমীরা – ০১টি
(০৬) কম্পিউটার – ০১ টি (প্রিন্টার ও ইন্টারনেট সংযোগসহ)

**টিচার্স কমনরুম:**

(০১) লম্বা টেবিল – ০১ টি
(০২) আর্মড কুশন চেয়ার- ১০ টি
(০৩) ফাইল কেবিনেট - ০২টি

**অফিস কক্ষ/একাডেমিক/পরীক্ষা নিয়ন্ত্রন কক্ষ : (প্রতিটির জন্য)**

০১) ষ্টীল আলমীরা – ০১টি
০২) ফাইল কেবিনেট– ০২টি
০৩) চেয়ার – ০৫টি।

**ছাত্রদের কমনরুম/ছাত্রীদের কমনরুম: (প্রতিটির জন্য)**

১) বেঞ্চ : ৪ (চার) টি
২) প্রয়োজনীয় খেলার সরঞ্জামাদি

**স্পেশালাইজেশন ভিত্তিক বিভিন্ন যন্ত্রপাতির মডেল শিক্ষা উপকরণ হিসেবে থাকতে হবে।**

**লাইব্রেরি :**

১) প্রতি দুইটি স্পেশালাইজেশন প্রতি গ্রুপের জন্য বইয়ের র‍্যাক -১টি
২) প্রতি স্পেশালাইজেশন প্রতি গ্রুপের জন্য ৫ (পাঁচ) টি চেয়ার এবং একটি টেবিল

**শ্রেণি কক্ষ:**

১) ট্যাবলয়েড চেয়ার ৪০টি প্রতি স্পেশানলাইজেশন প্রতি গ্রুপ
২) লেকচার টেবিল -১টি (প্রতি রুম)
৩) ডায়াস -১টি (প্রতি রুম)

**ল্যাব ও শপ**

প্রতি শপে / ল্যাবে ব্যবহারিক কাজের জন্য প্রয়োজনীয় সংখ্যক চেয়ার ও টেবিল ।



সুবোধ চন্দ্র ঢালী
উপসচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অশোক কুমার বিশ্বাস
অতিরিক্ত সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## পরিশিষ্ট-২

**লাইব্রেরির বইয়ের সংখ্যাঃ** প্রতি স্পেশালাইজেশন জন্য সর্বনিম্ন ১০০ (একশত) কপি।

**বইয়ের ধরণঃ**
১. স্পেশালাইজেশন ভিত্তিক রেফারেন্স বই ৫০%
২. বাংলাদেশের স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ বিষয়ক বই ২০%
৩. সাহিত্য বিষয়ক বই ১০%
৪. ইতিহাস বিষয়ক বই ১০%
৫. গবেষণা বিষয়ক বই ৫%
৬. আত্মজীবনী ৫%।

## পরিশিষ্ট - ৩(ক)

### অঙ্গীকারনামা

এ মর্মে অঙ্গীকার করছি যে, এইচ.এস.সি. (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষাক্রম পরিচালনার জন্য প্রতিষ্ঠান স্থাপনের নিমিত্ত অনুমতি প্রাপ্তির আবেদনপত্রে ও সংযোজনীতে প্রদত্ত তথ্যাবলী সত্য। প্রদত্ত নীতিমালায় বর্ণিত শর্তাবলী পূরণ করা হয়েছে এবং পরবর্তীতে বোর্ড/সরকার কর্তৃক জারিকৃত আদেশ-নির্দেশ ও বিধানাবলী পালন করা হবে। আবেদনের সাথে সংযোজিত ছকে প্রদত্ত কর্মপরিকল্পনাও যথাযথভাবে বাস্তবায়ন করা হবে। নির্ধারিত সময়ের মধ্যে প্রতিষ্ঠান স্থাপনের অনুমতিতে আরোপিত শর্তাবলী পূরণে ব্যর্থ হলে এবং আমার/আমাদের আবেদনপত্রে বর্ণিত তথ্যাবলি অসত্য প্রমাণিত হলে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড প্রণীত নীতিমালা অনুসারে ব্যবস্থা গ্রহণ করা হলে আমার/আমাদের কোন প্রকার আপত্তি থাকবে না।

**সভাপতি**

প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি/ উদ্যোগী সংস্থা/উদ্যোক্তাদের নির্বাহী কমিটি

(সিলসহ স্বাক্ষর)

**অধ্যক্ষ/পরিচালক/সদস্য-সচিব**

(উদ্যোগী সংস্থা/উদ্যোক্তাদের নির্বাহী কমিটি)

(সিলসহ স্বাক্ষর)

সুবোধ চন্দ্র ঢালী
উপসচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অশোক কুমার বিশ্বাস
অতিরিক্ত সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## পরিশিষ্ট-৩ (খ)

### অঙ্গীকারনামা

এ মর্মে অঙ্গীকার করা যাচ্ছে যে, এইচ.এস.সি. (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষাক্রম পরিচালনার জন্য প্রাথমিক পাঠদানের অনুমতি/স্বীকৃতি প্রদানকালে বোর্ড কর্তৃক আরোপিত শর্তাবলি যথাযথভাবে পালন করা হবে। বোর্ডের নীতিমালা অনুসারে প্রয়োজনীয় ভৌত অবকাঠামো নিশ্চিতকরণ, যন্ত্রপাতি ক্রয় পূর্বক ল্যাবে সংস্থাপন ও রক্ষাণাবেক্ষণ করা হয়েছে। তাত্ত্বিক ও ব্যবহারিক ক্লাস যথাযথভাবে অনুষ্ঠান নিশ্চিতকরণ করা হবে। সাধারণ বিষয়সমূহের ক্লাস উপযুক্ত শিক্ষক দ্বারা গ্রহণ করা হবে। ব্যবহারিক ক্লাস সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে প্রয়োজনীয় ল্যাব ম্যাটেরিয়াল ক্রয় ও সরবরাহ নিশ্চিতকরণ করা হবে। জনবল কাঠামো অনুসারে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক-কর্মচারী নিয়োগ করা হবে। ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে শিক্ষক-কর্মচারী ও অভিভাবকদের অংশ গ্রহণ এবং সকল ক্ষেত্রে সম অধিকার নিশ্চিতকরণ করা হবে। ধারাবাহিক মূল্যায়নের রেকর্ড সংরক্ষণসহ অগ্রগতি কার্ড যথাযথভাবে পূরণ ও সংরক্ষণ নিশ্চিত করা হবে। প্রতিষ্ঠান এমপিওভূক্ত না হলেও জনবল কাঠামো অনুসারে শিক্ষক-কর্মচারী নিয়োগ করা হবে এবং প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল থেকে বেতন-ভাতাদি বহণ করা হবে। নীতিমালায় বর্ণিত সকল শর্তাবলী পূরণ করা হবে এবং পরবর্তিতে বোর্ড/সরকার কর্তৃক জারিকৃত আদেশ-নির্দেশ ও বিধানাবলী পালন করা হবে। কোন শর্তপূরণে ব্যর্থ হলে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমার/আমাদের কোন প্রকার আপত্তি থাকবে না।

**সভাপতি**
প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি/ উদ্যোগী
সংস্থা/উদ্যোক্তাদের নির্বাহী কমিটি
(সিলসহ স্বাক্ষর)

**অধ্যক্ষ/পরিচালক/সদস্য-সচিব**
( উদ্যোগী সংস্থা/উদ্যোক্তাদের নির্বাহী কমিটি)
(সিলসহ স্বাক্ষর)

## পরিশিষ্ট-৪

**অ্যাফিলিয়েশন কমিটি (স্থাপন/পাঠদান)**

| | |
|---|---|
| ১. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড- | সভাপতি |
| ২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি | সদস্য |
| ৩. সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড | সদস্য |
| ৪. পরিদর্শক | সদস্য |
| ৫. অধ্যক্ষ, ঢাকা পলিটেকনিক ইন্সটিটিউট | সদস্য |
| ৬. পরিচালক (কারিকুলাম) | সদস্য |
| ৭. কারিকুলাম বিশেষজ্ঞ (সংশ্লিষ্ট) | সদস্য সচিব |

**বিঃ দ্রঃ কমিটির কোন সদস্য অ্যাফিলিয়েশন সংক্রান্ত পরিদর্শনে অংশগ্রহণ করতে পারবেন না।**



উপসচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অশোক কুমার বিশ্বাস
অতিরিক্ত সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## পরিশিষ্ট-৫

অ্যাফিলিয়েশন কমিটি (শাখা সংযোজন)

| | |
|---|---|
| ১. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড- | সভাপতি |
| ২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি | সদস্য |
| ৩. সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড | সদস্য |
| ৪. পরিচালক (কারিকুলাম) | সদস্য |
| ৫. অধ্যক্ষ, ঢাকা পলিটেকনিক ইন্সটিটিউট | সদস্য |
| ৬. পরিদর্শক | সদস্য |
| ৭. সংশ্লিষ্ট উপ পরিদর্শক | সদস্য সচিব |

বিঃ দ্রঃ কমিটির কোন সদস্য অ্যাফিলিয়েশন সংক্রান্ত পরিদর্শনে অংশগ্রহণ করতে পারবেন না।

সুবোধ চন্দ্র ঢালী
উপসচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অশোক কুমার বিশ্বাস
অতিরিক্ত সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার